

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
সমবায় শাখা ডেস্ক-১  
www.brdb.gov.bd

জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১১.১৯.২৭

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৬

১৬ মে ২০১৯

বিষয়: কালীগঞ্জ ইউসিসিএ লি., লালমনিরহাট এর জনবল নিয়োগের অনুমোদন সংক্রান্ত।

সূত্র: উপপরিচালক, লালমনিরহাট এর পত্র নং ৩৬৭, তারিখঃ ১১/০৪/২০১৯খি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে লালমনিরহাট জেলাধীন কালীগঞ্জ ইউসিসিএ'র আবর্তক ঋণ তহবিলের পরিমাণ ৩১.২৩ লক্ষ টাকা। উক্ত ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বর্তমানে অসুস্থ পরিদর্শক শ্রী ক্ষিতিশ চন্দ্র রায়'কে দিয়ে ঋণ কার্যক্রম পরিচালনা করা না গেলে ইউসিসিএ'র ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে তাঁকে চাকরি হতে অব্যাহতি প্রদান সাপেক্ষে তৎস্থলে নিম্নোক্ত শর্তাধীনে মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক ০১ (এক) জন পরিদর্শক নিয়োগের অনুমোদন প্রদান করা হয়েছেঃ

শর্তাবলী

- ১) নিয়োগকৃত কর্মচারী সংশ্লিষ্ট ইউসিসিএ'র কর্মচারী হিসেবে গণ্য হবেন। ইউসিসিএ'র কর্মচারীদের জন্য পরিদর্শক পদের নির্ধারিত বেতন স্কেলে (১৪তম গ্রেড) বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য এবং ইতঃপূর্বে বিআরডিবি'র বিভিন্ন স্মারক মূলে নির্দেশিত অর্থ হতে নিয়োগকৃত কর্মচারীর বেতন-ভাতাদি পরিশোধ করতে হবে।
- ২) এ অনুমোদনের ফলে নিয়োগকৃত কর্মচারী, বিআরডিবি'র কর্মচারী হিসেবে ভবিষ্যতে রাজস্ব বাজেটভুক্তি কিংবা বিআরডিবি'র চাকরির জন্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
- ৩) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৬.০০.০৫.০৬.৬৮৬, তারিখঃ ১৬/০১/২০১৯খি. মূলে জারিকৃত ইউসিসিএ কর্মচারীদের মডেল প্রবিধানমালা/২০১৮ এর সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ সম্পন্ন করতে হবে এবং নিয়োগপ্রাপ্ত জনবলের তালিকা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৪) নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি স্থানীয় দৈনিকে প্রকাশসহ ব্যাপক প্রচার করতে হবে এবং বিজ্ঞপ্তির ছায়াপিপি সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৫) এ অনুমোদন ০৬ (ছয়) মাস পর্যন্ত কার্যকর থাকবে।



১৬-৫-২০১৯

মোঃ মাহমুদুল হোসাইন খান  
পরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক, বিআরডিবি, লালমনিরহাট।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১১.১৯.২৭/১(২)

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৬

১৬ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বিআরডিবি, ঢাকা।



১৬-৫-২০১৯

সুকুমার চন্দ্র দাস  
যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)